169

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ...SEP. 1.2.1998

পৃষ্ঠা ... কলাম ...

## স্কুলে নতুন সময়সূচী প্রবর্তন প্রসঙ্গে

সম্প্রতি দেশের প্রায় সকল স্কুলে পাঠদানের নতুন সময়সূচী প্রবর্তন করা হয়েছে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। আসলে শিক্ষা মন্ত্রণালয়ের এরূপ উদ্ভট সিদ্ধান্ত সম্পূর্ণ অমানবিক ও উদ্বেগজনক। সকাল ৯টা থেকে ক্লাস শুরু হলে স্কুল থেকে মোটামুটি দূরে অবস্থিত ছাত্র-ছাত্রীদের সকাল সাড়ে ৭টা থেকেই স্কুল যাওয়ার প্রস্তুতি নিতে হচ্ছে। যার ফলে ছাত্র-ছাত্রীরা সকাল বেলা বাসায় পড়ালেখা থেকে বঞ্চিত হচ্ছে। বিকাল ৫টায় স্কুল ছুটি হলে অধিকাংশ ছাত্র-ছাত্রীর বাসায় পৌঁছতে সন্ধ্যা হয়ে যাবে। কোন কোন সময় যানজটের কারণে রাতও হয়ে যেতে পারে। এমনিতেই অভিভাবকরা চরম উদ্বেগ ও অনিশ্চয়তার মাঝে ছেলেমেয়েদের স্কুলে পাঠিয়ে থাকেন। কারণ, এদেশের আইনের এক শ্রেণীর রক্ষকদের হাতেও যেখানে মানুষ নিরাপদ নয় সেখানে ছেলেমেয়েদের রাত করে বাসায় ফেরা নিয়ে সচেতন অভিভাবক মহল অবশ্যই উৎকণ্ঠিত। তাই অনতিবিলম্বে দেশের সর্বস্তরের জনগণ কর্তৃক প্রত্যাখ্যাত এই অযৌক্তিক সিদ্ধান্তটি বাতিলের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ আনোয়ার হোসেন (রানা),
মোহাম্মদপুর, বরুড়া, কুমিল্লা